# হজে প্রদত্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফাতাওয়া

বিভাগ/অধ্যায়ঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত ফাতাওয়াসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফাতওয়া: ১৩

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা খুতবায় বলেন: “হে লোক সকল, আল্লাহ তোমাদের ওপর হজ ফরয করেছেন, অতএব তোমরা হজ কর”। জনৈক ব্যক্তি তাকে জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল প্রত্যেক বছর? তিনি বললেন:

«لو قلت: نعم لوجبت! ولما استطعتم! ثم قال: ذروني ما تركتكم».

“আমি যদি বলি হ্যাঁ, অবশ্যই ওয়াজিব হয়ে যাবে, কিন্তু তোমরা আদায়ে সক্ষম হবে না”। অতঃপর তিনি বলেন: “আমি যে ব্যাপারে তোমাদেরকে ছাড় দিয়ে রাখি সে ব্যাপারে তোমরা আমাকে চুপ থাকতে দাও...”। আবু হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু সূত্রে ইমাম মুসলিম হাদীসটি বর্ণনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন